গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নম্বর- ২৯.০০.০০০০.২২৩.২০.০১৩.২৪-৯৫

তারিখ: ১৫/১০/২০২৪ খ্রি.

প্রাপক : মুখ্য নির্বাহী কর্মকর্তা
খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।

বিষয় : বিশেষ প্রকল্প কর্মসূচি হতে খাদ্যশস্য বরাদ্দ।

উপযুর্ক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, তিন পার্বত্য জেলায় বৌদ্ধ ধর্মালম্বীদের প্রবারণা পূর্ণিমা উদযাপন উপলক্ষ্যে খাদ্যশস্য বরাদ্দ প্রদানের নিমিত্ত ১,৩১৩ (এক হাজার তিনশত তের) মে.টন চাল মুখ্য নির্বাহী কর্মকর্তা, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদের অনুকূলে নিম্নে বর্ণিত ছকে উল্লিখিত বিভাজন অনুযায়ী বরাদ্দ বিতরণের ক্ষমতা প্রদানের সরকারি মঞ্জুরি আদেশ জারি করা হলো।

ক্র. নং	বরাদ্দ প্রাপ্ত প্রতিষ্ঠানের নাম	বরাদ্দের ধরণ	মোট বিহারের সংখ্যা	বৌদ্ধ বিহার/কেন্দ্রে বরাদ্দ	মোট বরাদ্দের পরিমাণ চাল (মে.টন)
১	খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ	বৌদ্ধ ধর্মালম্বীদের প্রবারণা পূর্ণিমা উদযাপন উপলক্ষ্যে	৪০৫টি বিহার	১) ধর্মপুর আর্য্য বনবিহার, পেড়াছড়া, খাগড়াছড়ি- ০৫ মে.টন	৪৪১ মে.টন
				২) য়ংড বৌদ্ধবিহার, খাগড়াছড়ি সদর- ০৫ মে.টন	
				৩) সঞ্জীবনী ভাবনা কুটির, নীল কান্ত পাড়া, পেড়াছড়া, খাগড়াছড়ি- ০৫ মে.টন	
				৪) দীঘিনালা বনবিহার, দীঘিনালা, খাগড়াছড়ি- ০৫ মে.টন	
				৫)মৈত্রীপুর ভাবনা কেন্দ্র, ইটছড়ি-০৫ মে.টন	
				৬) শান্তিপুর অরণ্য কুটির, পানছড়ি -০৫ মে.টন	
				৭) কমলছড়ি আম্রকানন বৌদ্ধ বিহার, কমলছড়ি-০৫ মে.টন	
				৮)জনবল বৌদ্ধ বিহার, খাগড়াছড়ি সদর-০৫ মে.টন	
				৯) মিলনপুর বৌদ্ধ বিহার, খাগড়াছড়ি সদর-০৫ মে.টন	
				১০) অন্যান্য বৌদ্ধ বিহার-৩৯৬ টি (৩৯৬×১)=৩৯৬ মে.টন	
২	রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ	বৌদ্ধ ধর্মালম্বীদের প্রবারণা পূর্ণিমা উদযাপন উপলক্ষ্যে	৩৮১ টি বিহার	১) রাজবনবিহার- ২০ মে.টন	৪২৭ মে.টন
				২) মৈত্রী বিহার- ২০ মে.টন	
				৩) আনন্দবিহার -০৫ মে.টন	
				৪) সংঘরাম বিহার, ভেদভেদী, রাঙ্গামাটি-০৫ মে.টন	
				৫) অন্যান্য ৩৭৭ টি বিহারে-(৩৭৭×১)=৩৭৭ মে.টন	
৩	বান্দরবান পার্বত্য জেলা পরিষদ	বৌদ্ধ ধর্মালম্বীদের প্রবারণা পূর্ণিমা উদযাপন উপলক্ষ্যে	৪৩১ টি বিহার	১) রাজগুরু বৌদ্ধ বিহার মধ্যম পাড়া-০৫ মে.টন	৪৪৫ মে.টন
				২) অন্যান্য ৪৩০ টি বিহার (৪৩০×১)= ৪৩০ মে.টন	
				৩) উৎসব উদযাপন পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা -১০ মে.টন	
				মোট=	১,৩১৩ মে.টন চাল

০২। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বাজেট অনুবিভাগ-১, শাখা-৩ এর ৩০/০৬/২০২৪ তারিখের ০৭.০০.০০০০.১০৩.২০.০০২৮.১৩(অ-২)-৯৮৩ নম্বর স্মারকমূলে ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেটে এ মন্ত্রণালয়ের অনুকূলে ১৫৫০১০১-সচিবালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়-১২০০০১৯১৫-পার্বত্য জেলাসমূহে পুনর্বাসন কর্মসূচি, অনগদ সামাজিক সহায়তা সুবিধাদি-৩৭২২১০১ ত্রাণ কার্য চাল খাতে বরাদ্দকৃত খাদ্যশস্যের বিভাজন অনুযায়ি তিন পার্বত্য জেলায় বৌদ্ধ ধর্মালম্বীদের প্রবারণা পূর্ণিমা-২০২৪ উদযাপন উপলক্ষ্যে বিশেষ প্রকল্প কর্মসূচি খাত হতে এ ব্যয় বহন করা হবে।

চলমান পাতা-০২

০১/৫

শর্তসমূহ:

১. বরাদ্দকৃত খাদ্যশস্য (চাল) তিন পার্বত্য জেলার বৌদ্ধ ধর্মালম্বীদের প্রবারণা পূর্ণিমা-২০২৪ উদযাপন উপলক্ষ্যে বিতরণের পরবর্তী অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

২. বরাদ্দকৃত খাদ্যশস্য ব্যবহারে বিশেষ প্রকল্প কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত এই মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ গত ১৯/১০/২০০৬ তারিখে জারিকৃত নীতিমালার প্রতিটি শর্ত যথাযথভাবে অনুসরণ করার জন্য কাঠোর ভাবে নির্দেশনা প্রদান করা হলো।

৩. বরাদ্দকৃত খাদ্যশস্যের হিসাব নিরীক্ষার জন্য যথোপযুক্তভাবে সংরক্ষণ করতে হবে এবং খাদ্যশস্য ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন যথাসময়ে এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

৪. বরাদ্দকৃত খাদ্যশস্য স্থানীয় গুদাম হতে যথাসময়ে উত্তোলন করতে হবে

৫. বরাদ্দকৃত খাদ্যশস্যের ব্যবহারের হিসাব নিরীক্ষার জন্য যথোপযুক্ত মাষ্টার রোল সংরক্ষণ করতে হবে।

১৫/১০/২০২৪

(মালেকা পারভীন)
উপসচিব
ফোন-০২-৫৫১০০১২৩

নম্বর- ২৯.০০.০০০০.২২৩.২০.০১৩.২৪-৯৫

তারিখ: ১৫/১০/২০২৪ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
২. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সমন্বয়), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
৫. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
৬. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. জেলা খাদ্য নিয়ন্ত্রক, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা।
৯. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা।
১০. সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য।
১১. অফিস কপি।

১৫/১০/২০২৪

(মালেকা পারভীন)
উপসচিব